

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-৩৫১৫(আগরতলা, ১১।০১)  
বিশ্রামগঞ্জ, ১১ জানুয়ারী, ২০১৮

পালস পোলিও : সিপাহীজলা জেলা সদরে সভা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের উদ্যোগে গতকাল সিপাহীজলা জেলা সদরে ০ থেকে ৫ বছর বয়স পর্যন্ত জেলার সমস্ত শিশুকে পালস পোলিও টিকা দেওয়ার কর্মসূচীকে সফল করতে এক সভা অনুষ্ঠিত হয়। সিপাহীজলা জেলা কনফারেন্স হলে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন জেলা শাসক প্রদীপ কুমার চক্রবর্তী। তাছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলার সি এম ও ডাঃ চিতান দেববর্মা, জেলার তিন মহকুমার মহকুমা শাসক, বিভিন্ন স্বাস্থ্য কেন্দ্রের এম ও আই সি সহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধিরা। এবছর প্রথম পর্যায়ে চলতি মাসের ২৮ জানুয়ারী এবং দ্বিতীয় পর্যায়ে আগামী ১১ মার্চে শিশুদের পালস পোলিও ডোজ খাওয়ানো হবে। এই কর্মসূচীকে সফল করার লক্ষ্যে বিভিন্ন দপ্তরের কর্মী ছাড়াও আশাকর্মী, অঙ্গনওয়াড়ী কর্মী সহ দপ্তরের কর্মীদেরকে নিযুক্ত করা হয়েছে। এজন্য জেলাতে মোট ৫২৮ টি কেন্দ্র খোলা হয়েছে এবং ১০৬ জন সুপারভাইজারকে নিযুক্ত করা হয়েছে। গত বছর জেলাতে মোট ৫০,৯৯২ জন শিশুকে পোলিও ডোজ খাওয়ানো হয়েছে। জেলা শাসক, সি এম ও সহ এস ডি এম ওরা আলোচনায় অংশ নেন।

\*\*\*\*